Md. Kamrul Hasan Moonna
Councillor (Ward No. 18)

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
Narayanganj City Corporation

মোঃ কামরুল হাসান মুন্না
কাউন্সিলর (ওয়ার্ড নং- ১৮)

সূত্র নং-

তারিখ : ১৬/০৩/২০২৪

# সভার নোটিশ

**বিষয়ঃ ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি (WLCC)'র সভা প্রসঙ্গে।**

উপযুক্ত বিষয়ে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ১৯/০৩/২০২৪খ্রি. তারিখে সকাল ১১.০০ ঘটিকায় সম্মানিত ১৮ নং ওয়ার্ড কাউন্সিলরের কার্যালয়ে (WLCC)'র সভা আয়োজন করা হয়েছে। উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থেকে আপনার মূল্যবান বক্তব্য প্রদানের জন্য অনুরোধ করা হলো।

**আলোচ্য বিষয়ঃ-** ১। গত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন।

২। অবকাঠামো নির্মান ও উন্নয়ন প্রস্তাবনা প্রসঙ্গে।

৩। কর আদায়ের কার্যক্রম পর্যালোচনা।

৪। মা ও শিশু সহায়তা কার্যক্রম।

৫। অভিযোগ প্রতিকার ব্যবস্থা অবহিতকরন।

শুভেচ্ছান্তে,

মোঃ কামরুল হাসান মুন্না
কাউন্সিলর, ওয়ার্ড নং-১৮
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

১১৮/১, এস.জি রোড, শহীদ বাপ্পী সরণী, শীতলক্ষ্যা, নারায়ণগঞ্জ। মোবাইল ঃ ০১৭১১৫৩৪৯৭০ E-mail : m.coun18@gmail.com

# ১৮ নং ওয়ার্ড কাউন্সিলরের কার্যালয়

১১৮/১,এস.জি.রোড,শহীদ বাপ্পী সরণী,শীতালক্ষ্যা, নারায়ণগঞ্জ

www.ncc.gov.bd

## ১৮ নং (WLCC)'র ত্রৈমাসিক সভার কার্য বিবরনী

| | |
|---|---|
| সভাপতিত্ব করেন | : জনাব মোঃ কামরুল হাসান মুন্না<br>কাউন্সিলর, ওয়ার্ড নং- ১৮<br>নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| সভার তারিখ | : ১৯/০৩/২০২৪ খ্রি. |
| সভার সময় | : সকাল ১১.০০ ঘটিকায়। |
| সভার স্থান | : ওয়ার্ড কাউন্সিলরের কার্যালয়। |

**সভার উপস্থিতি তালিকা সংযোজনী "ক"তে সংযুক্ত ঃ**

সভায় উপস্থিত সকল সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে WLCC'র সভাপতি ও ১৮ নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব মোঃ কামরুল হাসান মুন্না কমিটির সদস্য সচিব জনাব রিমা আক্তার কে আলোচ্যসূচী অনুযায়ী সভা পরিচালনার জন্য অনুমতি প্রদান করেন।

**আলোচ্যসূচী- ১ :** গত সভার কার্য বিবরনী পাঠ ও অনুমোদন।

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন । | সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে কমিটির সদস্য সচিব জনাব রিমা আক্তার পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করেন। | কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি সবসম্মতিক্রমে অনুমোদিত হয়। | ১৮ নং (WLCC)'র কমিটি। |

**আলোচ্যসূচী-২ :** অবকাঠামো নির্মান ও উন্নয়ন প্রস্তাবনা প্রসঙ্গে।

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| অবকাঠামো নির্মান ও উন্নয়ন প্রস্তাবনা প্রসঙ্গে আলোচনা। | ১৮ নং ওয়ার্ডে WLCC'র সদস্য সচিব জনাব রিমা আক্তার অত্র ওয়ার্ডের অবকাঠামো নির্মান ও উন্নয়ন প্রস্তাবনা বা উপস্থাপনের জন্য সবাইকে অনুরোধ জানান। উপস্থিত সদস্যগন যে সকল দাবী পেশ করেন তা নিম্নরুপ,<br><br>১। WLCC এর সদস্য মোঃ আনোয়ার হোসেন স্বাধীনতা চত্বর থেকে এস.জি. রোড রাস্তার পাশে সৌন্দর্য বর্ধন করা ও বসার স্থান করার দাবী জানান।<br><br>২। WLCC এর সদস্য জনাব শিউলী দেব বলেন, ১০ নং শীতলক্ষা সরকারি প্রাথমিক বিদ্যালয় এর পাশে স্কুলের বাচ্চাদের জন্য একটা খেলার মাঠ করার দাবী জানান।<br><br>৩। WLCC এর সদস্য জনাব মজিবর রহমান নিতাইগঞ্জ মোড় হতে বঙ্গবন্ধু বর্ধিত সড়ক (বাপ্পী স্বরণী) ভায়া কদমতলা ব্রিজ পর্যন্ত এবং তামাক পট্টি পোল হতে ডিয়ারা কড়ইতলা পর্যন্ত এবং কদমতলা ব্রিজ হতে পুবালী সল্ট পর্যন্ত রাস্তা সংস্কারের দাবী জানান।<br><br>৪। WLCC এর সদস্য জনাব আনন্দ কুমার সেরাওগী এস. জি. রোড শীতলক্ষা সড়কে সড়কবাতি স্থাপনের দাবী জানান। তিনি আরো বলেন আমাদের ওয়ার্ডে আলামিন নগর এলাকায় যে বর্জ্য ব্যবস্থপনার চলমান প্রকল্প দ্রুত বাস্তবায়নের দাবী জানান।<br><br>৫। WLCC এর সদস্য জনাব ইকবাল আলী | ১৮ নং ওর্য়ার্ডে যে যে প্রকল্পগুলো চলমান রয়েছে সেগুলো দ্রুত বাস্তবায়নের সুপারিশ জানিয়ে মেয়র,নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন বরাবর প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রকৌশল বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |

| | | | |
|---|---|---|---|
| | শীতলক্ষা খালের সংস্কার এবং উভয় পাশে ওয়াক ওয়ে নির্মাণ সহ সৌন্দর্য বর্ধনের প্রস্তাব করেন। | | |

**আলোচ্যসূচী-৩:** কর আদায়ের অগ্রগতি কার্যক্রম পর্যালোচনা।

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| কর আদায়ের অগ্রগতি পর্যালোচনা। | ১৮ নং ওয়ার্ডের সদস্য সচিব জনাব রিমা আক্তার জানান যে, ১৮ নং ওয়ার্ডের কর আদায়ের অগ্রগতি মাত্র ২৪%। তাই তিনি ডোর টু ডোর কর আদায়ের সহযোগিতায় সবাই কে অনুরোধ জানান। এ বিষয়ে জনাব মোঃ কামরুল হাসান মুন্না বলেন যে, ওয়ার্ডের বিশিষ্ট নাগরিকদের কাছে সিংহভাগকর বকেয়া রয়েছে। উক্ত নাগরিকদের নিকট প্রথমিক পর্যায়ে NCC এর কর আদায়কারীর মাধ্যমেনোটিশ প্রেরণ করা হবে। | (ক) উপস্থিত WLCC'র সদস্যগন স্ব-স্ব অবস্থান হতে কর আদায়ে সহযোগিতা/অংশগ্রহন করবেন মর্মে সিদ্ধান্ত হয়।<br>(খ) এপ্রিল-২০২৪ এর মধ্যে কর পরিশোধ না করলে বৃহৎ কর খেলাপীর নাম জুম্মা নামাজের সময় প্রকাশ হবে এবং কার্যালয়ের নোটিশ বোর্ডে তালিকা টাঙ্গানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | রাজস্ব বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |

**আলোচ্যসূচী-৪:** মা ও শিশু সহায়তা কর্মসূচী।

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| মা ও শিশু সহায়তা কর্মসূচী। প্রসঙ্গে আলোচনা। | মা ও শিশু সহায়তা প্রসঙ্গে নারায়ণগঞ্জ সিটি কপোরেশনের কমিউনিটি কর্মী নাজিরুল ইসলাম বলেন, আপনারা ইতোমধ্যে অবগত আছেন যে, নিম্ন আয়ের মানুষের জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার একটি মাতৃত্বকালীন ভাতার ব্যবস্থা করেছে। ভাতার জন্য আবেদনকারীর ব্যাংক | WLCC'র সদস্যগন পরিচিত মহলে মা ও শিশু সহায়তা কর্মসূচীর বিষয়ে | ১৮ নং (WLCC)'র কমিটি। |

| | | | |
|---|---|---|---|
| | হিসাব, NID,ANC কার্ড সহ অনলাইনে আবেদন করতে হবে। উক্ত আবেদনে সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলর সুপারিশ প্রদান করবেন। অতঃপর আবেদন খানা সিটি কর্পোরেশনের সমাজ কল্যাণ বিভাগে জমা দিতে হবে। প্রত্যেক ওয়ার্ড হতে প্রতি মাসে সর্বোচ্চ ৫ টি আবেদন জমা দেওয়া যাবে। | প্রচারনা করার সিদ্ধান্ত গ্রহন করা হয়। | |

**আলোচ্যসূচী-৫:** অভিযোগ প্রতিকার ব্যবস্থা অবহিতকরন।

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| অভিযোগ প্রতিকার ব্যবস্থা অবহিতকরন প্রসঙ্গে আলোচনা। | অভিযোগ প্রতিকার ব্যবস্থা অবহিতকরন বিষয়ে ১৮ নং WLCC এর সদস্য সচিব জনাব রিমা আক্তার জানান যে, জনগনের নিকট সরকারি দপ্তরের জবাব দিহিতা নিশ্চিতকরন,সেবার মানোন্নয়ন ও সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে সরকার অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা-২০১৫ (পরিমার্জিত-২০১৮) প্রনয়ন করছে। যার প্রেক্ষিতে, যে কোন নাগরিক সেবা প্রদান পদ্ধতি,আভ্যন্তরীন সেবা বা নাগরিক অধিকার বিষয়ে অভিযোগ দায়ের করতে পারবেন। এ সকল অভিযোগ নিষ্পত্তির জন্য নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন জনাব, মোহাম্মাদ মঈনুল ইসলাম নগর পরিকল্পনাবিদ কে অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) এবং প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয় কে আপিল কর্মকর্তা হিসাবে নিয়োগ প্রদান করছে। যার প্রেক্ষিতে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের ওয়েব সাইটে অনলাইনে নিদিষ্ট ফরমে অভিযোগ দাখিলের ব্যবস্থা রাখা হয়েছে। এছাড়াও, যে কোন নাগরিক সেবা প্রদান পদ্ধতি ও সুশাসন সংশ্লিষ্ট বিষয়ে | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের এ কার্যক্রম গ্রহনের জন্য উপস্থিত সকল সদস্য কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান এবং প্রত্যেকে স্ব-স্ব অবস্থান হতে সেবার মানোন্নয়নে প্রয়োজনীয় পরামর্শ ও অভিযোগ জানাবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত | ১৮ নং (WLCC)'র কমিটি। |

| | | | |
|---|---|---|---|
| | লিখিত অভিযোগ দাখিল করতে পারবেন। জনাব রিমা আক্তার উপস্থিত সবাইকে যৌক্তিক অভিযোগ দাখিলের মাধ্যমে সেবার মানোন্নয়ন সহযোগিতার অনুরোধ জানান। | হয়। | |

আর কোন আলোচনা না থাকায় সম্মানিত সভাপতি সক্রিয় অংশগ্রহনের জন্য সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি করেন।

(জনাব মোঃ কামরুল হাসান মুন্না)
চেয়ারপার্সন, ১৮ নং WLCC
ও
কাউন্সিলর, ১৮ নং ওয়ার্ড
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
মোবাইল ঃ ০১৭১১-৫৩৪৯৭০

# সংযোজনী- ক

## ১৮ নং ওয়ার্ড লেভেলে কো-অর্ডিনেশন কমিটি (**WLCC**) 'র সভার হাজিরা তালিকা

স্থানঃ ওয়ার্ড কাউন্সিলর কার্যালয়

তারিখঃ ১৯/০৩/২০২৪খ্রি.

| ক্রঃ নঃ | নাম | কমিটিতে পদবী | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | মোঃ কামরুল হাসান মুন্না | সভাপতি | ০১৭১১৫৩৪৯৭০ | |
| ০২ | আফসানা আফরোজ বিভা | সহ-সভাপতি | 01818229712 | |
| ০৩ | সেলিম আজহার | সদস্য | 01953994376 | |
| ০৪ | হাজী মোঃ মজিবুর রহমান | সদস্য | 01819503828 | |
| ০৫ | ইকবাল আলী | সদস্য | 01713002995 | |
| ০৬ | মোঃ কাদের চৌধুরি টিটু | সদস্য | 01817547363 | |
| ০৭ | আনন্দ কুমার সেরাওগী | সদস্য | ০১৫১৭৫৯৮৭৬৯ | |

| ক্রঃ নঃ | নাম | কমিটিতে পদবী | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০৮ | মোঃ রাজিবুল হাসান রানা | সদস্য | 01711534026 | |
| ০৯ | বিপ্লব আহমেদ বিপু | সদস্য | | |
| ১০ | এড. রেজওয়ানুল হক রিংকু | সদস্য | | |
| ১১ | শিউলী দেব | সদস্য | 01727919826 | |
| ১২ | জহিরুল ইসলাম | সদস্য | | |
| ১৩ | ইফ্‌তেখার আহমেদ পুলক | সদস্য | 0171766470<br>01677396882 | |
| ১৪ | তাহমিনা আক্তার রুপা | সদস্য | ০১৭৬৪১১৬২৮ | |
| ১৫ | এড. আমেনা প্রধান শিল্পী | সদস্য | | |
| ১৬ | শহীদুল হক (বীর মুক্তিযোদ্ধা) | সদস্য | | |
| ১৭ | শফিউদ্দীন আহমেদ বিটু | সদস্য | | |
| ১৮ | রিমা আক্তার | সদস্য সচিব | ০১৭২৪৬২৫৫৫৭ | |